

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭।
www.bppa.gov.bd

স্মারক নং: ২১.০০.০০০০.০০০.৩৯৮.২৭.০১২৩.২৬-৯০২

তারিখ: ০৮/১০/২০২৬ খ্রি.

বিষয়: পরিচালক, কেন্দ্রীয় ঔষধাগার, স্বাস্থ্য অধিদপ্তর, ৩০, শহীদ তাজউদ্দিন আহমেদ স্মরণী, তেজগাঁও, ঢাকা-১২০৮ কর্তৃক আহ্বানকৃত সরাসরি (DPM) ক্রয় পদ্ধতি আইএফপিও নং: সিএমএসডি/কোভিড-১৯০৪/ডিপিএম/২০১৯-২০২০/ডি-১০/২১৯, তারিখ: ১৪/০৫/২০২০ খ্রি., কার্যাদেশ নং: সিএমএসডি/প্রক-২৪২/জিওবি (আর)/কোভিড (জিআর)-১৯০৪/ডিপিএম/২০১৯-২০২০/ডি-১০/৫১৭৪, তারিখ: ২০/০৫/২০২০ খ্রি., প্যাকেজ নং: কোভিড (জিআর)-১৯০৪, লট নং: একক লট শীর্ষক দরপত্র/প্রস্তাবের বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি-৭২ মোতাবেক রিভিউ প্যানেলে দায়েরকৃত আপিল-এর সিদ্ধান্ত (আপীল আবেদন নং-১২৩/২০২৬)।

উপরোল্লিখিত বিষয়ে, রিভিউ প্যানেল-০২ এর সিদ্ধান্তের অনুলিপি আপনার জ্ঞাতার্থে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।



(প্রকৌ: শেখ নজরুল ইসলাম)
চেয়ারপারসন
রিভিউ প্যানেল-০২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব), বিপিপিএ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
৪. অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ ও সভাপতি, স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহে COVID-19 অতিমারিকালীন ক্রয় সংক্রান্ত সুপারিশ প্রদানের লক্ষ্যে গঠিত কমিটি (আদেশ অনুচ্ছেদ-৫.১ অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা পালনের জন্য বাদী পক্ষ কর্তৃক দাখিলকৃত কাগজপত্র সমন্বিত একটি বহি যার প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর আছে, সংযুক্ত করা হলো);
৫. পরিচালক, কেন্দ্রীয় ঔষধাগার, স্বাস্থ্য অধিদপ্তর, ৩০, শহীদ তাজউদ্দিন আহমেদ স্মরণী, তেজগাঁও, ঢাকা-১২০৮ (আলোচ্য ক্রয়ের বিষয়টি আদেশ অনুচ্ছেদ-৫.১ অনুযায়ী কমিটি তাদের কার্যক্রম যাতে ত্বরান্বিত করে সে বিষয়ে নিয়মিত Pursue করবে);
৬. জনাব শেখ মোহাম্মদ জাকির হোসেন, স্বত্বাধিকারী ও ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি, জেবিএফ ডিজিটাল ট্রেডিং কোম্পানী (কর্পোরেট অফিস: সেল রোজ-এন-ডেল, অফিস/১১০২ (১১তম তলা), ১১৬ কাজী নজরুল ইসলাম এভিনিউ, রমনা, ঢাকা-১২১৭ এবং
৭. অফিস কপি

পুনর্বিবেচনার আবেদন নং-১২৩/২০২৬

বিষয়: চাহিত পণ্য সরবরাহের পর অর্থ প্রদান না করায় প্রতিকার চেয়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি-৭২ অনুযায়ী রিভিউ প্যানেলে আপিল দায়ের।

অভিযোগকারী/বাদী: জনাব শেখ মোহাম্মদ জাকির হোসেন, ব্যবস্থাপনা পরিচালক, JBF DIGITAL TRADING COMPANY, সেল রোজ-এন-ডেল, অফিস # ১১০২ (১১তম তলা), ১১৬ কাজী নজরুল ইসলাম এভিনিউ, রমনা, ঢাকা-১২১৭।

বনাম

বিবাদী:

- ১) পরিচালক, কেন্দ্রীয় ঔষধাগার, স্বাস্থ্য অধিদপ্তর, ৩০, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮।
- ২) মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ভবন, মহাখালী, ঢাকা-১২১২।
- ৩) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা -১০০০।

৫.০ আদেশ:


বাদী পক্ষের বক্তব্য, উত্থাপিত রেকর্ড পত্র এবং রিভিউ প্যানেলের পর্যবেক্ষণের ভিত্তিতে সর্বসম্মতভাবে নিম্নোক্ত আদেশ প্রদান করা হলো:

৫.১ রিভিউ প্যানেলের পর্যবেক্ষণের অনুচ্ছেদ ৪.২-৪.৪-এর আলোকে, গত ২২-০১-২০২৫ তারিখে অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগকে সভাপতি করে গঠিত পাঁচ সদস্যবিশিষ্ট কমিটিকে M/S JBF DIGITAL TRADING COMPANY কর্তৃক ১৭টি ডেডিকেটেড হাসপাতালে আইসিইউ-সংশ্লিষ্ট চিকিৎসা সরঞ্জাম হিসেবে ২৮টি Defibrillator, External যথাযথভাবে সরবরাহ ও স্থাপন করা হয়েছিল কি না, তা যাচাই করার নির্দেশ প্রদান করা হলো। একই সঙ্গে, সরবরাহকৃত পণ্যের গ্রহণসংক্রান্ত নথিপত্র, গুণগত মান ও পরিমাণ যাচাইয়ের প্রমাণাদি, সার্ভে ও গ্রহণসংক্রান্ত কার্যক্রমের বিবরণ এবং সংশ্লিষ্ট চালানসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা-নিরীক্ষা করে এ বিষয়ে সুস্পষ্ট মতামতসহ প্রয়োজনীয় সুপারিশ প্রদান করতে হবে;

৫.২ বাংলাদেশে COVID-১৯ অতিমারির সময় উদ্ভূত সংকটাপন্ন ও জরুরি পরিস্থিতিতে জীবন রক্ষাকারী চিকিৎসা সরঞ্জাম সংগ্রহের লক্ষ্যে আলোচ্য ক্রয় কার্যক্রমে সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণের ক্ষেত্রে প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন না হওয়ার বিষয়টি বিবেচনা করে ক্রয় কার্যক্রম বাতিলযোগ্য বলে গণ্য করা সমীচীন হবে না; এবং

৫.৩ বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি বাদীর নিরাপত্তা জামানত ফেরত প্রদান করবে।


(আব্দুল হক)
সদস্য
রিভিউ প্যানেল-২


(মোছাঃ লুৎফী বেগম)
সদস্য
রিভিউ প্যানেল-২


(প্রকৌঃ শেখ নজরুল ইসলাম)
চেয়ারপারসন
রিভিউ প্যানেল-২